

23/04/2026



জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ

Honour's Admission Test 2025-2026

স্মারক নং: ১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২৬/৩৪১৫

তারিখ: ২৩/০৪/২০২৬

বিষয়: ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড সম্পর্কিত জরুরি নির্দেশনা

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা ২৫ এপ্রিল ২০২৬ তারিখ রোজ শনিবার সকাল ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত সারাদেশের ১৩৮টি কেন্দ্রে একযোগে অনুষ্ঠিত হবে। ইতোমধ্যে কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন নিশ্চয়নকৃত ৪,৫৩,১৪৮ জন পরীক্ষার্থীর প্রবেশপত্র জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ১১ এপ্রিল ২০২৬ তারিখ থেকে ইস্যু করা হয়েছে, যা ২৪ এপ্রিল ২০২৬ তারিখ পর্যন্ত ডাউনলোড করা যাবে।

এছাড়া এ সকল পরীক্ষার্থীকে পরীক্ষার তারিখ, কেন্দ্রের নাম ও ভর্তি পরীক্ষার রোল নম্বরসহ সকল তথ্য এসএমএস এর মাধ্যমে জানিয়ে দেয়া হয়েছে।

যদি কোন পরীক্ষার্থী (প্রাথমিক আবেদন নিশ্চয়নকৃত) ২৪ এপ্রিল ২০২৬ তারিখ পর্যন্ত তার প্রবেশপত্র ডাউনলোড করতে সক্ষম না হয়, সেক্ষেত্রে এ সকল পরীক্ষার্থীকে অবশ্যই প্রাথমিক আবেদন ফরম, এইচ এস সি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডসহ এসএমএস এ প্রেরিত নির্বাচিত কেন্দ্রে উপস্থিত হতে হবে। এ সকল পরীক্ষার্থী তাদের এসএমএস এর মাধ্যমে প্রাপ্ত ভর্তি পরীক্ষার রোল নম্বর অনুযায়ী সংশ্লিষ্ট কেন্দ্রে আসন গ্রহণ করবে ও হাজিরাপত্রে স্বাক্ষর করবে। তবে হাজিরাপত্রের ছবির সঙ্গে প্রাথমিক আবেদন ফরমের ছবি মিল না থাকলে পরীক্ষার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

বিঃদ্র:- যে সকল আবেদনকারীর প্রাথমিক আবেদন ফরম সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নিশ্চয়ন করা হয়নি, সে সকল আবেদনকারীকে প্রবেশপত্র ইস্যু করা হয়নি অর্থাৎ তারা ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

২৩.০৪.২০২৬

(ড. মো. আশোক কবির চৌধুরী)

ডিন (ভারপ্রাপ্ত)

স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

তারিখ: ২৩/০৪/২০২৬

স্মারক নং: ১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২৬/৩৪১৫

অনুলিপি:

- ১। সকল ডিন, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ২। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। সচিব, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর-১, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর-২, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৮। অফিস কপি।

২৩.০৪.২০২৬

(মোঃ মাহবুবুর রহমান)

সহকারী রেজিস্ট্রার

স্নাতকপূর্ব শিক্ষাবিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।

ফোন : ০২-৯৯৬৬৯১৫৮৪

ই-মেইল: adm.hons@nu.ac.bd

Honour's Admission Test 2025-2026

নির্দেশাবলী:

- ১) ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) থেকে প্রবেশপত্র ডাউনলোড করে A4 সাইজের অফসেট কাগজে প্রিন্ট করতে হবে। প্রবেশপত্রের প্রিন্ট কপিতে পরীক্ষার্থীকে স্বাক্ষর করতে হবে।
- ২) অনলাইনে আবেদন করার সময় আপলোডকৃত ছবি চূড়ান্ত বলে গণ্য হবে। উক্ত ছবিতে কোন প্রকার টেম্পারিং করা হলে ঐ পরীক্ষার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।
- ৩) পরীক্ষার্থীকে অবশ্যই পরীক্ষা শুরু অসুত ৩ (তিন) দিন আগেই প্রবেশপত্রে উল্লিখিত পরীক্ষা কেন্দ্রে সরাসরি গিয়ে বা সংশ্লিষ্ট কলেজ কেন্দ্রের ওয়েবসাইট থেকে আসন বিন্যাস জেনে নিতে হবে।
- ৪) পরীক্ষার্থীকে অবশ্যই কলেজ কেন্দ্র কর্তৃক নির্ধারিত কক্ষের নির্দিষ্ট আসনে পরীক্ষা দিতে হবে।
- ৫) পরীক্ষা আরম্ভ হওয়ার ন্যূনতম ০১ (এক) ঘণ্টা পূর্বে পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে। পরীক্ষা আরম্ভ হওয়ার পরে কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেওয়া হবে না।
- ৬) প্রবেশপত্র, Attendance Sheet ও OMR Sheet এ পরীক্ষার্থীর অভিন্ন স্বাক্ষর থাকতে হবে।
- ৭) উত্তরপত্রে কালো কালির বলপয়েন্ট কলম ব্যবহার করতে হবে। কোনক্রমেই পেনসিল ব্যবহার করা যাবে না।
- ৮) ভর্তি পরীক্ষার সময় পরীক্ষার্থীকে প্রবেশপত্র এবং HSC পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড অবশ্যই সঙ্গে আনতে হবে।
- ৯) পরীক্ষার্থী মোবাইল ফোন, ক্যালকুলেটর অথবা যে কোন ধরনের ইলেকট্রনিক ডিভাইস সঙ্গে নিয়ে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে পারবে না।
- ১০) পরীক্ষা কক্ষে প্রধান পরিদর্শক/কর্তব্যরত শিক্ষক এর সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১১) পরীক্ষার উত্তরপত্র (OMR Sheet) এ কোন প্রকার সাংকেতিক চিহ্ন বা মোবাইল নম্বর লেখা হলে, ঐ উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।